**জনসংযোগ অফিস**
**জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়**
সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ৭৭৯১০৪৫-৫১

**Public Relations Office**
**Jahangirnagar University**
**Savar Dhaka Bangladesh**
**Phone: +88027791045-51**

# প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়:

## ভৌত অবকাঠামোগত উন্নয়নের দিকে নবযাত্রা শুরু ॥ ৫টি আবাসিক হলের নির্মাণ কাজের উদ্বোধন

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ৩০ জুন ২০১৯।
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষা, গবেষণা এবং ভৌত অবকাঠামোগত উন্নয়নের দিকে আজ নবযাত্রা শুরু করেছে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের আবাসন সমস্যা নিরসন এবং দেশের উচ্চশিক্ষার চাহিদার বিপরীতে আরও অধিক সংখ্যক শিক্ষার্থী ভর্তি করার লক্ষ্যে আজ ৫টি আবাসিক হলের নির্মাণ কাজের উদ্বোধন করা হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলাম বেলা তিনটায় বিশ্ববিদ্যালয়ের পূর্বপ্রান্তে ছাত্রীদের দু'টি এবং দক্ষিণ-পশ্চিম প্রান্তে ছাত্রদের তিনটি আবাসিক হলের নির্মাণ কাজের উদ্বোধন করেন। ১০তলা বিশিষ্ট প্রতিটি হলে এক হাজার শিক্ষার্থীর আবাসিক সুবিধা থাকবে। ২০২০ সালের ডিসেম্বর মাসে এসব হলের নির্মাণ কাজ সম্পন্ন হবে বলে আশা করা যাচ্ছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়নের লক্ষ্যে প্রায় সাড়ে ১৪শত কোটি টাকা বিশেষ বরাদ্দ দেয়ায় নির্মাণ কাজ উদ্বোধনকালে উপাচার্য তাঁর ভাষণে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি বলেন, অধিকতর উন্নয়ন প্রকল্পের সব কাজ সম্পন্ন হলে বিশ্ববিদ্যালয়ের আমূল পরিবর্তন ঘটবে। শিক্ষা ও গবেষণার নতুন সুযোগ সৃষ্টি হবে। বিশ্ববিদ্যালয় দেশ-বিদেশে পরিচিতির ক্ষেত্রে বিশেষ মর্যাদা লাভ করবে। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আমির হোসেন, প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মো. নূরুল আলম, কোষাধ্যক্ষ অধ্যাপক শেখ মো. মনজুরুল হক, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার রহিমা কানিজ, বিভিন্ন অনুষদের ডিন, হল প্রভোস্ট, ভারপ্রাপ্ত প্রক্টর, বিভিন্ন বিভাগের শিক্ষক, অফিসার, কর্মচারি এবং ছাত্র-ছাত্রীগণ উপস্থিত ছিলেন।

পরিচালক (ভারপ্রাপ্ত)
জনসংযোগ অফিস